

**ইংরেজি শিক্ষার মানোন্নয়নে
উচ্চ পর্যায়ের কমিটি গঠন**

যাযায়দিন রিপোর্ট

দেশে ইংরেজি শিক্ষার মানোন্নয়নে ১৬ সদস্যের একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছে সরকার। শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশে এ কমিটি গঠন করা হয়। কমিটিকে ইংরেজি শিক্ষার মানোন্নয়নে প্রয়োজনীয় সুপারিশ আগামী দুই মাসের মধ্যে মন্ত্রণালয়ে পেশ করতে বলা হয়েছে।

বিশ্ববিদ্যালয়, মজুরি, কমিশনের সদস্য অধ্যাপক ড. আতুল হাই শিবরীকে কমিটির চেয়ারম্যান করা হয়েছে।

কমিটির সদস্যরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক সৈয়দ নূনজুন্নে ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক মো. ফজলুল রহমান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক ও জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য অধ্যাপক শাহীন কবীর, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুগ্ম সচিব (সাধারণিক), পরিকল্পনা বিভাগের প্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান, ঢাকা বোর্ডের চেয়ারম্যান, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) প্রশিক্ষণ বিশেষজ্ঞ মো. শরীফুল ইসলাম, ডিকারননিসা নূন জুন্নে আত কলেজের ইংরেজি শিক্ষক বেগম জান্নাতুল ফেরদৌস প্রমুখ।